গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.২৬.০১.০০৪.২৬-৯৬০ | তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩৩ / ০৭ মে ২০২৬

বিষয়ঃ **৬১তম ব্যাচ কারারক্ষী/মহিলা কারারক্ষীদের চাকুরী স্থায়ীকরণের লক্ষ্যে পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ক. নিয়োগ বিধিমালা-২০১১ অনুচ্ছেদ ৬ (৪)।
খ. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২৫-৫৬ তারিখঃ ২৯ জানুয়ারি ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **৬১তম ব্যাচ কারারক্ষী/মহিলা কারারক্ষীদের** চাকুরী স্থায়ীকরণের লক্ষ্যে **আগামী ১৪-৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে** সুবিধাজনক সময়ে নিজ নিজ বিভাগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ স্মারকের খ অনুযায়ী প্রশ্নমালা প্রস্তুত কমিটি প্রনয়ণ করতঃ সংশ্লিষ্ট সকল বিভাগকে পরীক্ষার নির্ধারিত তারিখ অনুযায়ী চাকুরী স্থায়ীকরণ কমিটির সভাপতির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রশ্নপত্র তৈরিতে নিম্নোক্ত সিলেবাস এবং পদ্ধতি অনুসরন করতে হবে।

**ক। পরীক্ষার পদ্ধতি**

১. লিখিত : (বহু নির্বাচনী প্রশ্ন)
২. সর্বমোট নম্বর: ৫০
৩. সময়: ৩০ মিনিট
৪. পাশ নম্বর: ২৫

**খ। সিলেবাসঃ**

১. জেলকোড-(কারাবিধি ২৯৪ হতে ৩৫৭, ৪৬৩ হতে ৪৯২, ৭০৪ হতে ৭২০, ৮০৬ হতে ৮১২);
২. সার্ভিস রুলস (ছুটি, অবসর আইন-১৯৭৪ ও ১৯৭৫, পেনশন সহজীকরণ নীতিমালা, ভবিষ্যত তহবিল আইন ১৯২৫ ও বিধিমালা-১৯৮০, ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা, বদলী ব্যয়;)
৩. কারা অধিদপ্তরের সাম্প্রতিক সার্কুলারসমূহ, পোষাক নীতিমালা, পোষাকের প্রাপ্যতা, ব্যক্তিগত রেশন স্কেল, স্বাস্থ্য স্কিম, পরিবার নিরাপত্তা স্কিম ও ট্রাস্ট ব্যাংকের ঋণ সহায়তা;
৪. 'বাংলাদেশ জেল' এর ইতিহাস ও ঐতিহ্য, নিজ কর্মরত বিভাগের/কারগারের ইতিহাস, নিজ বিভাগের কারাগারের সংখ্যা, ধারণক্ষমতা, বিশেষত্ব ও সাধারণ ধারণা;
৫. ৭.৬২ রাইফেল টাইপ ১৯৫৬ ও শর্টগান চারিত্রিক বৈশিষ্ট্য ও সাধারণ তথ্য।

২। **<u>সকল কারাগারের জন্যঃ</u>** সূত্রস্থ স্মারকসমূহ অনুযায়ী ৬১তম ব্যাচের কারারক্ষী/মহিলা কারারক্ষীদের চাকুরি স্থায়ীকরণের লক্ষ্যে আয়োজিত পরীক্ষার গুরুত্ব, পরীক্ষার তারিখ, সিলেবাস ও পরীক্ষার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ প্রেক্ষাপটে প্রয়োজনে কারাগারপ্রান্তে রোলকল অন্তে ৩০ মিনিট সময়ের জন্য সিলেবাস অনুযায়ী 'রিফ্রেসার ক্লাস' আয়োজন করা যেতে পারে। পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশনাবলী শীঘ্রই প্রেরণ করা হবে।

৩। উপরোক্ত নির্দেশাবলী নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd


১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৩। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ-মহাপরিদর্শক(সকল) এর সদয় অবগতির জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারা অধিদপ্তর**

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২৫- ৫৬

তারিখ ঃ ১৫ মাঘ, ১৪৩১।
২৯ জানুয়ারি, ২০২৫।

বিষয় ঃ **চাকরি স্থায়ীকরণ প্রসঙ্গে**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কারারক্ষী/মহিলা কারারক্ষী পদে কর্মরতদের চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে যথানিয়মে ও যথাসময়ে চাকরি স্থায়ীকরণ করা হচ্ছে না; ফলে পদোন্নতি, উচ্চতর গ্রেড প্রদানে নানা জটিলতা সৃষ্টি হচ্ছে। এক্ষেত্রে কারা অধিদপ্তর **'কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১১ এর বিধি-৬'** অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীদের চাকরি যথাসময়ে স্থায়ীকরণের জন্য অনুরোধ করা হলো।

২। উপরোক্ত চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে ধারাবাহিকভাবে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে ঃ

ক. চাকরিতে শিক্ষানবিসকালে মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করা।

খ. চাকরি ১ বছর ৬ মাস সমাপনান্তে বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে উত্তীর্ণ হওয়া।

গ. চাকরির ১ বছর ১০ মাস সময়কালে **'শিক্ষানবিসকালীন আচরণ ও কর্মকাল সন্তোষজনক'** মর্মে সিনিয়র জেল সুপার/জেল সুপারের নিকট হতে প্রত্যয়নসহ নথি বিভাগীয় দপ্তরে প্রেরণ করা।

ঘ. বিভাগীয় দপ্তর কর্তৃক ১ বছর ১১ মাস সময়কালের মধ্যে আবেদনকারীর স্থায়ীকরণের সিদ্ধান্ত সংক্রান্ত অফিস আদেশ জারিকরণ।

ঙ. বিভাগীয় দপ্তর হতে স্থায়ীত্বকরণে **'সন্তোষজনক না হলে'** চাকরি হতে অব্যাহতির প্রক্রিয়াকরণের জন্য ১ বছর ১১ মাস সময়ে (Without Fail) কারা সদর দপ্তরে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য নথি প্রেরণ করা।

৩। ক্রমিক নং-২ এ বর্ণিত কার্যাবলী অবশ্যই ২ বছর সময়কালের মধ্যে সম্পন্ন করা অত্যাবশ্যক। এ কর্ম প্রক্রিয়ায় প্রতিটি বিভাগীয় অফিস বছরের নির্দিষ্ট ২টি সময়ে স্থায়ীকরণ পরীক্ষার আয়োজন করবেন এবং এ সংক্রান্ত ফলাফল অফিস আদেশাকারে প্রকাশ করবেন। উল্লেখ থাকে যে, পরীক্ষা অনুষ্ঠানের সুবিধার্থে পরীক্ষার সময়/তারিখ কারা সদর দপ্তরের প্রশিক্ষণ শাখার সাথে সমন্বয়ে সম্পন্ন করতে হবে। আরও উল্লেখ্য যে, ক্রমিক নং-২ এ উল্লিখিত ধারাবাহিক প্রক্রিয়ায় কোন একটি অসম্পূর্ণ অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে; এবং দুই বৎসর মেয়াদের পূর্বেই স্থায়ীকরণের সিদ্ধান্ত কারা সদর দপ্তর কর্তৃক গ্রহণ করতঃ কার্যাবলী সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়ায় বিভাগীয় স্থায়ীকরণ পরীক্ষার প্রশ্নমালা নিম্নোক্ত কমিটির মাধ্যমে প্রণয়ন হবে।

ক. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী- সভাপতি;

খ. প্রধান প্রশিক্ষক, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী- সদস্য;

গ. সহকারী কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর (কারা মহাপরিদর্শক কর্তৃক মনোনীত)- সদস্য;

ঘ. জেল সুপার/জেলার, বিভাগীয় দপ্তর কর্তৃক নির্বাচিত (নিজ বিভাগের জন্য)- সদস্য সচিব।

আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৯/১/২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ০২-৫৭৩০০২২২(দপ্তর)।
addl.ig@prison.gov.bd

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

৩। অফিস কপি।